

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা ভূমি অফিস

বেলকুচি, সিরাজগঞ্জ

www.aclbelkuchi.gov.bd

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেলকুচি উপজেলাধীন অবস্থিত ২০(বিশ) একর পর্যন্ত সরকারী জলমহাল বাংলা ১৪৩০ সন হতে ১৪৩২ সন পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে শর্তসাপেক্ষে অগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন সমিতির নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদনসমূহ ধার্য তারিখের মধ্যে ভূমি মন্ত্রণালয়ের নির্ধারিত ওয়েবসাইটে (www.land.gov.bd/www.jm.lams.gov.bd) অনলাইনে আবেদন দাখিল করতে হবে এবং প্রিন্টেড কপি সাধারণ আবেদন ফরমের সাথে উপজেলা ভূমি অফিস, বেলকুচি সিরাজগঞ্জ বরাবর দাখিল করতে হবে। ধার্য তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

উল্লেখ্য, সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলোকে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

ইজারায়োগ্য জলমহালের বিবরণ

ক্রঃ নং	ইউনিয়নের নাম	জলমহালের নাম	জলমহালের আয়তন	বাংলা ১৪৩০-৩২ সনের সরকারী মূল্য (ভ্যাট, আয়কর বাদে)	ইজারার মেয়াদ
০১	রাজাপুর (ভাঙ্গাবাড়ী ক্যাম্প)	তামাই পুকুর	১.০৬ একর	২,৬৫,৭০৫/-	বাংলা ১৪৩০-৩২ সন (০৩ বছর মেয়াদী)
০২	তেয়াশিয়া	গুমুখী বিল	১.৫৪ একর	৩২,১৪০/-	
০৩	তেয়াশিয়া	তেয়াশিয়া পুকুর	২.১১ একর	১,৮৮,৫৩১/-	
০৪	কল্যাণপুর	রূপনাই সন্ধ্যা বিল	৬.৬২ একর	৩,৬৭,৬৯১/-	

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পর্যন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউলঃ

ক্রঃ নং	তারিখ	গৃহীত কার্যক্রম
০১	০৬ মাঘ থেকে ২৫ মাঘ, ১৪২৯ বাংলা/২০ জানুয়ারী থেকে ০৮ ফেব্রুয়ারী ২০২৩	অনলাইনে ইজারার আবেদন দাখিল

শর্তাবলী

- নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি আবেদন করতে পারবেন। যে সকল মৎস্যজীবী সমবায় সমিতি লি. এর ইজারার টাকা বকেয়া রয়েছে, সে সকল সমিতি বকেয়া টাকা পরিশোধ করেই সিডিউল সংগ্রহ করতে পারবেন।
- উপজেলা সমবায়/সমাজ সেবা অফিসার কর্তৃক সমিতি কার্যকর রয়েছে মর্মে প্রত্যয়নপত্র ও বিগত দুই বছরের অডিট রিপোর্ট (নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নয়) সংযুক্ত করতে হবে।
- আবেদন ফরম সংগ্রহের সময় প্রকৃত মৎস্যজীবী/মৎস্যচাষী সমবায় সমিতির রেজিস্ট্রেশন/তালিকাভুক্তির মূল সনদ পত্র আনতে হবে অন্যথায় আবেদন ফরম প্রদান করা যাবে না।
- জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।
- কোন নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি না পাওয়া গেলে পুকুর/ জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বেকার যুবক, মজিযোদ্ধার সংগঠন, যুবমহিলা, বিধবা ও স্বামী পরিত্যক্তা, আনসার ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তির সমন্বয়ে গঠিত ও স্থানীয় সমবায় অফিস কিংবা সমাজসেবা অফিস হতে নিবন্ধিত একক সমিতিতে জলমহাল/পুকুর ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা যাবে।
- আবেদনপত্রের সাথে ইজারা মূল্যের ২০% তফশীলিবিয়াক্ত কর্তৃক প্রদত্ত ব্যাংক ড্রাপট/পে-অর্ডার জলমহাল কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি এর অনুকূলে জামানত হিসেবে প্রদান করতে হবে।
- আবেদন দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানা সহ) গঠনক্রমের কপি ব্যাংক একাউন্ট লেনদেন সংক্রান্ত প্রত্যয়ণ সংযুক্ত করতে হবে।
- ইজারা প্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতিতে প্রথম বছরের সাকুল্য ইজারামূল্য অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করতে হবে।
- ইজারা গ্রহীতা কোন মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতি কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না বা অন্যকোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে তা হলে উক্ত লীজ বাতিল করা হবে এবং জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন পরবর্তী বছর কোন জলমহাল বন্দোবস্ত পাবে না।
- তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত হলে জামানতের অর্থসহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

- ১১। কোন প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি দুটির বেশী জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত হবেন না।
- ১২। সরেজমিনে জলমহাল/পুকুর পরিদর্শন করেই আবেদনকারী আবেদন ফরম ক্রয়/সংগ্রহ করেছেন মর্মে ধরে নেয়া হবে। পরবর্তীতে পুকুরের বাস্তব অবস্থা সংক্রান্ত কোন ওজর/আপত্তি গ্রহণ করা হবে না।
- ১৩। অসম্পূর্ণ আবেদন পত্র কর্তৃপক্ষ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ আনিসুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বেলকুচি, সিরাজগঞ্জ

স্মারক নং- ৩১.৪৩.৮৮১১.০১১.৩৪.০০১.১৫- ২৭(২৭)


তারিখ: ০১ মাঘ ১৪২৯ বাং.
১৫ জানুয়ারি ২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, বেলকুচি-চৌহালী, সিরাজগঞ্জ-৫।
- ২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিরাজগঞ্জ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৬-১২। উপজেলা কৃষি/সমবায়/মৎস্য/সমাজসেবা/যুবউন্নয়ন/মহিলাবিষয়ক/ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১৩। চেয়ারম্যান, ধুকুরিয়াবেড়া/তেয়াশিয়া/ভাঙ্গাবাড়ী/ ইউনিয়ন পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১৪। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক উপর্যুক্ত ইজারা বিজ্ঞপ্তি তাঁর পত্রিকায় ২য় পাতায় সংক্ষিপ্ত পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রকাশ পূর্বক পত্রিকার কপিসহ বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
- ১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, কল্যাণপুর/তেয়াশিয়া/ভাঙ্গাবাড়ী (রাজাপুর), বেলকুচি। তাকে জলাশয় এলাকায় টোলসহরত ও মাইক যোগে ব্যাপক প্রচার পূর্বক ধার্য তারিখের পূর্বেই জারীর প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলো।
- ১৬। সহকারী ষ্টেথামার, বেলকুচি, সিরাজগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি বেলকুচি উপজেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৭। অফিস কপি।


(শিবানী সরকার)
সহকারী কমিশনার (ভূমি)

ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বেলকুচি, সিরাজগঞ্জ।
ফোন: ০২৪৭৩১৮০১১

ই-মেইল: acbelkuchi@gmail.com